রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১, ২০২২

[ অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/১৬ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ৩৪৫-আইন/২০২২।**—মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩২ নং আইন) এর ধারা ৫১, ধারা ১১ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির পরিচালনা বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

**প্রথম অধ্যায়**

**সূচনা**

১। **শিরোনাম ও প্রয়োগ।**—(১) এই বিধিমালা মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির কর্মচারী চাকরি বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি এর সকল সার্বক্ষণিক কর্মচারীর জন্য প্রযোজ্য হইবে, তবে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ হইতে প্রেষণে বদলি অথবা, চুক্তি বা খন্ডকালীনভিত্তিতে নিয়োজিত কর্মচারীগণের ক্ষেত্রে, এই বিধিমালার কোনো কিছু প্রযোজ্য বলিয়া তাহাদের চাকরির শর্তে স্পষ্টভাবে উল্লেখ না থাকিলে, ইহা প্রযোজ্য হইবে না।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "অথরিটি" অর্থ মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি;



মূল্য : টাকা ৩০.০০

